সংবাদ

তারিখ ... 04. SEP. 2016 ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৪ ...

# ত্রিশালে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়ম দুর্নীতির অভিযোগ

প্রতিনিধি, ত্রিশাল (ময়মনসিংহ)

ময়মনসিংহের ত্রিশাল উপজেলার বৈলর সাহিত্য রত্ন রেজিস্টার প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। স্থানীয়রা ছাত্র অভিভাবক এলাকাবাসী উপজেলা শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার বরাবরে অনিয়ম ও দুর্নীতির লিখিত অভিযোগ করেও প্রতিকার পাচ্ছেন না বলে জানিয়েছেন বিদ্যালয়টির প্রতিষ্ঠাতার সন্তান মামুন অর রশিদ। অভিযোগে জানা গেছে উপজেলার বৈলর ইউনিয়নের ১৫২ নং বৈলর সাহিত্য রত্ন রেজিস্টার প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নোমান সামদানীর বিরুদ্ধে বিদ্যালয়ের পরিচালনা কমিটি গঠনে গাফিলতি, ২ বছর পূর্বে বিদ্যালয় পরিচালনার জন্য আহবায়ক কমিটি গঠন করা হলেও প্রধান শিক্ষক তাল বাহানা করে যাচ্ছেন। নিজের স্বার্থ চরিতার্থ করার জন্য এখনও পূর্ণাঙ্গ কমিটি গঠনের জন্য আজো কোন সভা আহ্বান করেননি। প্রধান শিক্ষক বিদ্যালয়ের প্রায় ৪০ হাজার টাকা মূল্যের কয়েকটি গাছ বিক্রি করে টাকা আত্মসাৎ করেছেন। সরকারিভাবে বরাদ্দকৃত বিদ্যালয়ের স্লিপের টাকা তিনি কি কি কাজে খরচ করেছেন, তাও কেও জানেন না। এছাড়া এই বিদ্যালয়টির নিজস্ব ৫২ শতাংশ জমি অন্যের দখলে থাকলেও আজ পর্যন্ত তিনি রহস্যজনক কারণে তাদের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা নেননি। প্রধান শিক্ষকের এসব দুর্নীতির বিরুদ্ধে ৬ সেপ্টেম্বর উপজেলা শিক্ষা অফিসার বরাবরে স্থানীয়রা ছাত্র অভিভাবকরা অভিযোগ দাখিল করেন। এ ব্যাপারে বৈলর কাস্টারের দায়িত্বপ্রাপ্ত উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা জহির আলম জানান, অভিযোগ পেয়েছি, বিদ্যালয় পরিচালনার জন্য একটি পূর্ণাঙ্গ কমিটি দ্রুত সময়ের মধ্যেই গঠন করা হবে। এবং প্রধান শিক্ষকের বিরুদ্ধে অন্যান্য অভিযোগ তদন্ত করে জেলা শিক্ষা অফিসারের কাছে প্রেরণ করা হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার যেভাবে বলেন সে অনুয়ায়ী ব্যবস্থা নেয়া হবে। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মরহুম মৌলভী ওয়াজিউল্লাহর ছেলে মোহাম্মদ মামুনুর রশিদ জানান, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিজের স্বার্থ চরিতার্থ করার জন্য আমরা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতার সন্তান থাকা সত্ত্বেও আমাদের কখনো কমিটিতে রাখেন না। তার নিজস্ব লোকজনদের নিয়ে ১১ সদস্যবিশিষ্ট একটি পকেট কমিটি করে কোন কিছুর তোয়াক্কা না করে উপজেলা শিক্ষা অফিস ম্যানেজ করে ২ বছর যাবৎ অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে তার নিজের মতো করে কাজ যাচ্ছেন।